গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯৩১৫ ফ্যাক্স : ০২-৮৮৭৯৩১৬
e-mail: ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.০০২.১২.০০৩.১৯-১৪৮৬ তারিখঃ ২৮/১১/১৯

# অফিস আদেশ

মহামান্য সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে দাখিলকৃত রীট পিটিশন নম্বর-১৯৪৬/২০১৩ এর আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নম্বর-৯২৯/২০১৮ এর প্রদত্ত আদেশ এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা এর স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০৩০.২৭.০১৬.১৭-৩০১ তারিখ-৩০-০৮-২০১৮ এবং আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর নম্বর যথাক্রমে-১০.০০.০০০০.১২৯.০৪.৭১.১৮-১০৫, তারিখ-২৮-০৮-২০১৮ খ্রিঃ নির্দেশনামতে এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ নন-গেজেটেড অধিশাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০৩০.৩১.০০৪.১৯-৯১ তারিখ-৩০-০৬-২০১৯ এর ধারাবাহিকতায় মামলায় পক্ষভুক্ত কর্মচারীদেরকে প্রথম যোগদানের তারিখ হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত পদে ভূতাপেক্ষভাবে নিয়মিতকরণ করা হলো।

| ক্রমিক নং | রীট পিটিশনে ক্রমিক নম্বর | নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, ও স্থায়ী ঠিকানা | পদবী | জন্ম তারিখ (খ্রিস্টাব্দ) | প্রথম যোগদানের তারিখ | ওয়ার্কচার্জড হিসেবে সর্বশেষ কর্মস্থল | পদায়নকৃত কার্যালয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ৫৪ | মোঃ আলাউদ্দিন<br>পিতাঃ আঃ রশিদ হাওলাদার<br>মাতাঃ রওশনারা বেগম<br>গ্রামঃ পশুরীকাঠী<br>ডাকঘরঃ চরমোনাই<br>থানাঃ কোতয়ালী<br>জেলাঃ বরিশাল | গাড়ী চালক | ০১-০৩-১৯৬৯ | ০১-০৭-১৯৮৬ | কাউখালী সড়ক উপ-বিভাগ, পিরোজপুর | -- | মৃত |
| ২. | ৭৯১ | মোঃ রফিকুল ইসলাম (খোকন)<br>পিতাঃ মোঃ সেকান্দার আলী তালুকদার<br>মাতাঃ ফুলবানু বেগম<br>গ্রামঃ পশ্চিম পশুরী বুনিয়া<br>ডাকঘরঃ বোতলা<br>থানাঃ ভান্ডারিয়া<br>জেলাঃ পিরোজপুর | গাড়ী চালক | ২৫-১২-১৯৬০ | ০১-০৬-১৯৮০ | ফেরী উপ-বিভাগ, বরিশাল | সড়ক উপ-বিভাগ, শরীয়তপুর | |

**শর্তসমূহ:**

১) নিয়মিতকৃত কর্মচারীগণকে ১৫-১২-২০১৯ খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা বরাবর স্ব-স্ব-সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে যোগদান করতে বলা হলো। পরবর্তীতে তাদের পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে।

২) জ্যেষ্ঠতা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান মোতাবেক এ আদেশ দ্বারা নিয়মিতকৃত কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

৩) ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে অত্র অধিদপ্তরে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কোন কর্মচারী এ প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবে না।

৪) নিয়োগকৃত কর্মচারীদের বেতন/ভাতাদি, পেনশন, আনুতোষিক এবং অন্যান্য সুবিধাদি সরকারী প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

৫) নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের মধ্যে ইতোমধ্যে যারা মৃত্যুবরণ করিয়াছেন এবং ৫৯ বছর বয়স অতিবাহিত করেছেন তাদেরকে স্ব-স্ব পদে প্রথম যোগদানের তারিখ হতে নিয়মিত সংস্থাপনে আনয়ন করা হলো। উক্ত কর্মচারীদের মধ্যে মৃত্যুবরণ করা ও ৫৯ বছর বয়স অতিবাহিত করা কর্মচারীদের নাম কর্মচারীর নামের বিপরীতে পদায়নের কলামে উল্লেখ করা হলো। চাকুরীরত অবস্থায় মৃত কর্মচারীদের ক্ষেত্রে যোগদানের তারিখ হতে মৃত্যুর দিন পর্যন্ত নিয়মিত সংস্থাপনে চাকুরী করেছেন বলে বিবেচিত হবে। এই ক্ষেত্রে তারা তাদের পেনশন/পারিবারিক পেনশন সর্বশেষ কর্মস্থল হতে আহরণ করবে।

৬) চাকুরীরত যে সকল কর্মচারীর বয়স ৫৯ বছরের বেশী এবং ৬০ বছরের মধ্যে আছে তাদের পেনশন প্রদানের ক্ষেত্রে ৫৯ বছরের অধিক সময়ের চাকুরীর বেতন ভাতা সমন্বয় করতে হবে।

৭) যে সকল কর্মচারী বয়স ৬০ বছর অতিবাহিত করেছে তাদের পেনশন প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত সময়ের বেতন-ভাতা সমন্বয় করতে হবে।

৮) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক দাখিলকৃত তথ্যাদি অপ্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৯) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ হতে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরে চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

১০) চাকুরী হতে অবসর/অব্যাহতি গ্রহনের ক্ষেত্রে সরকারী প্রচলিত বিধি-বিধান মোতাবেক প্রযোজ্য হবে।

১১) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১২) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।

(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
তারিখঃ ২৮/১১/১৯

স্মারক নং-৩৫.০১.০০০০.০০২.১২.০০৩.১৯-১৪৮৬/১(৪)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা)
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিষয়টি মাননীয় মন্ত্রীর গোচরীভূত করার জন্য অনুরোধ করা হলো)

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
☎ ০২-৮৮৭৯৩১৫
তারিখঃ ২৮/১১/১৯

স্মারক নং-৩৫.০১.০০০০.০০২.১২.০০৩.১৯-১৪৮৬/২(৬০)

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ..........................................................................
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ/পরিচালক (তঃপ্রঃ, সওজ), ..................................
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ........................................................................................
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ, ..................................................
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ............................................................................
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ........................................................................
১১। প্রশাসন ও সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর কার্যালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
☎ ০২-৮৮৭৯৩১৫